

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
এমআইএস বিভাগ

তথ্য অধিকার সংক্রান্ত আলোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	:	মুহম্মদ আশরাফ হোসেন, সচিব, বিপিসি।
সভার তারিখ	:	২৯/০৯/২০২২
সভার সময়	:	বেলা ১২.০০ ঘটিকা
স্থান	:	বিপিসি বোর্ড সভা কক্ষ।
সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা	:	পরিশিষ্ট – ক


১। সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তথ্য অধিকার সংক্রান্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভাপতি তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কর্মসম্পাদন সূচকে কাঙ্ক্ষিত মান অর্জনের বিষয়ে সকলকে নির্দেশনা দেন।

২। তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে বিপিসি-তে আগত তথ্য প্রাপ্তির আবেদনসমূহ ব্যবস্থাপনার বিষয় সভাপতি জানতে চান। সদস্য-সচিব অবহিত করেন যে, তথ্য প্রাপ্তির আবেদনসমূহ যথাযথ প্রক্রিয়ায় ব্যবস্থাপনা ও নিষ্পত্তি করা হচ্ছে। তথ্য প্রদানকারী দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা বিধি মোতাবেক জনগণের তথ্য প্রাপ্তি নিশ্চিতকরণে সচেষ্ট রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। বিপিসি সংশ্লিষ্ট তথ্যাদি হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশের নিমিত্ত বিভাগ ভিত্তিক ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারণের বিষয়ে সভায় আলোচনা হয়। সংস্থার বার্ষিক প্রতিবেদন যথাসময়ে প্রকাশের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। এছাড়া, তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স প্রস্তুতকরণ, তথ্য অধিকার আইন ও বিধি সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচার কার্যক্রম সম্পন্ন এবং তথ্য অধিকার সম্পর্কে প্রয়োজনীয় প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যে বিপিসি প্রশিক্ষণ কেন্দ্রকে প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে গুরুত্বারোপ করা হয়।

৩। বিস্তারিত আলোচনান্তে, সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রম	সিদ্ধান্তসমূহ
ক)	তথ্য অধিকার আইন অনুযায়ী তথ্য প্রাপ্তির আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি বিষয়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিশ্চিত করবে।
খ)	বিভাগ/শাখার দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা মাসিকভিত্তিক হালনাগাদ তথ্য ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
গ)	সাচিবিক বিভাগ বার্ষিক প্রতিবেদন ১৫/১০/২০২২ তারিখের মধ্যে প্রকাশের উদ্যোগ গ্রহণ করবে।
ঘ)	তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে ৩১/১২/২০২২ তারিখের মধ্যে সংস্থার যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ক্যাটালগ তৈরি/হালনাগাদ করতে হবে।
ঙ)	তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির জন্য প্রতি কোয়ার্টার-এ প্রচার কার্যক্রম সম্পন্নকরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
চ)	তথ্য অধিকার বিষয়ে প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যে বিপিসি প্রশিক্ষণ কেন্দ্র প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
ছ)	ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ ও ওয়েবসাইটে প্রকাশ করবে হবে।

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।






২৯.০৯.২০২২
(মুহম্মদ আশরাফ হোসেন)
সচিব

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

বিএসসি ভবন, সপ্টগোলা রোড, চট্টগ্রাম।

বিপিসি'র সচিব জনাব মুহম্মদ আশরাফ হোসেন এর সভাপতিত্বে ২৯/০৯/২০২২ তারিখ সকাল ১২.০০ ঘটিকায় বিপিসি'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ এর অধীনে তথ্য অধিকার সংক্রান্ত কমিটির ১ম সভার উপস্থিতিঃ

বিপিসিঃ

ক্রমিক	নাম	পদবী	স্বাক্ষর
১।	জনাব মুস্তফা কুদরুত-ই-ইলাহী	মহাব্যবস্থাপক (বাণিজ্য ও অপারেশন)	
২।	জনাব মোহাম্মদ নাজিম উদ্দিন	ব্যবস্থাপক (হিসাব/ফান্ড)	
৩।	জনাব কে, এম, রিয়াজ রহমান	উপ-ব্যবস্থাপক (এমআইএস)	
৪।	মোঃ শাহীন আনোয়ার	কনিষ্ঠ কর্মকর্তা (প্রশাসন)	
৫।	জনাব মোঃ হুমায়ুন কবীর	ব্যবস্থাপক (রাঃ ও অগাঃ)	
৬।			
৭।			
৮।			
৯।			
১০।			